

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৩৮

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ২৮৮. যেসব বিশেষজ্ঞ আলেম বলেন, শংকাকালীন সময়ে ইমাম এক দলকে নিয়ে এক রাকাত আদায় করে দাঁড়িয়ে থাকবেন এবং তাঁর সাথীগণ নিজ নিজ দ্বিতীয় রাকাত আদায় করে সালাম ফিরিয়ে শক্রর মুকাবিলায় চলে যাবে এবং সালামের ব্যপারে মতভেদ আছে।

باب مَنْ قَالَ إِذَا صلَّى رَكْعَةً وَتَبَتَ قَائِمًا أَتَمُّوا لأَنْفُسِهِمْ رَكْعَةً ثُمَّ سَلَّمُوا ثُمَّ انْصَرَفُوا فَكَانُوا وَجَاهَ الْعَدُقِ وَاخْتُلِفَ فِي السَّلاَم

আরবী

حَدَّنَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنْ يَزِيدَ بْنِ رُومَانَ، عَنْ صَالِحِ بْنِ خَوَّاتٍ، عَمَّنْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمَ ذَاتِ الرِّقَاعِ صَلاَةَ الْخَوْفِ أَنَّ طَائِفَةً صَفَّتْ مَعَهُ وَطَائِفَةً وِجَاهَ الْعَدُوِ فَصَلَّى بِالَّتِي مَعَهُ رَكْعَةً ثُمَّ ثَبَتَ قَائِمًا وَأَتَمُّوا لأَنْفُسِهِمْ ثُمَّ انْصَرَفُوا وَطَائِفَةً وِجَاهَ الْعَدُوِ وَجَاءَتِ الطَّائِفَةُ الأُخْرَى فَصَلَّى بِهِمُ الرَّكْعَةَ النَّتِي بَقِيَتْ مِنْ صَلاَتِهِ وَصَنَفُوا وَجَاهَ الْعَدُو وَجَاءَتِ الطَّائِفَةُ الأُخْرَى فَصَلَّى بِهِمُ الرَّكْعَةَ النَّتِي بَقِيَتْ مِنْ صَلاَتِهِ وَصَنَقُوا وَجَاهَ الْأَنْفُسِهِمْ ثُمَّ سَلَّمَ بِهِمْ . قَالَ مَالِكٌ وَحَدِيثُ يَزِيدَ بْنِ رُومَانَ أَحَبُ مَا سَمِعْتُ إِلَىّ .

বাংলা

১২৩৮. আল কানবী (রহঃ) সালেহ ইবন খাওয়াত (রহঃ) হতে বর্ণিত। তিনি যাতুর-রিকা নামক স্থানে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে শংকাকালীন নামায আদায়কারী সাহাবীদের সূত্রে বর্ণনা করেছেন। সেখানে তাঁরা এই পদ্ধতিতে নামায আদায় করেন যে, এক দল তাঁর সাথে নামাযে রত ছিলেন এবং অপর দল শক্রর মুকাবেলায় নিয়োজিত ছিলেন। তখন তিনি দাঁড়িয়ে থাকেন আর সাথীরা নিজ নিজ দ্বিতীয় রাকাত নামায আদায় করে শক্রর মুকাবিলার জন্য গমন করেন। তখন অপর দলটি (যারা শক্রর মুকাবেলায় নিযুক্ত ছিল) এসে তাঁর পশ্চাতে দণ্ডায়মান হলে তিনি তাদেরকে নিয়ে দ্বিতীয় রাকাত আদায় করেন। অতঃপর তিনি বসে থাকেন আর তাঁর সাথীরা তাঁদের স্ব স্ব দ্বিতীয় রাকাত আদায় করেন। পরে তিনি দ্বিতীয় দলের সাথে সালাম ফিরিয়ে নামায শেষ করেন। (রখারি, মুসলিম, নাসান্ট)।

English



Narrated Salih b. Khawwat:

On the authority of a person who offered the prayer in time of danger along with the Messenger of Allah (**) at the battle of Dhat al-Riqa. One section of people stood in the row of prayer along with the Messenger of Allah (**) and the other section remained standing in front of the enemy. He led those who were with him in one rak'ah and remained standing (in his place) and they completed (the second rak'ah) by themselves. Then they turned away and arrayed before the enemy. Thereafter the other section came and he led them in the rak'ah which remained from his prayer. He then remained sitting (in his place) and they completed their one rak'ah by themselves. He then uttered the salutation along with them.

Malik said: I like the tradition reported by Yazid b. Ruman (i.e. the present tradition) more than (other versions) I heard.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালিহ ইবনু খাওয়াত (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন